



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## আইসিটি ফ্রিল্যান্সারদের অ্যাসেসমেন্ট ও দক্ষতা সনদ প্রদান বিজ্ঞপ্তি

- আপনি কি একজন ফ্রিল্যান্সার?
- দক্ষ ফ্রিল্যান্সার হওয়া সত্ত্বেও প্রাতিষ্ঠানিক সনদ না থাকায় আপনি কি সামাজিক স্বীকৃতির অভাব বোধ করছেন?
- আপনি কি প্রাতিষ্ঠানিক দক্ষতা সনদ প্রত্যাশী?

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আপনার দক্ষতার জন্য গর্বিত ও জাতীয় দক্ষতা সনদ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। দক্ষতার জাতীয় সনদ গ্রহণ করুন, প্রাতিষ্ঠানিক ও সামাজিক স্বীকৃতি লাভ করুন।

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশের আইসিটি ফ্রিল্যান্সারদের দক্ষতা সনদ প্রদানের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বিভিন্ন অকুপেশনে পূর্বঅভিজ্ঞতার স্বীকৃতি (Recognition of Prior learning) পদ্ধতিতে অ্যাসেসমেন্ট ও সনদায়নের ব্যবস্থা গ্রহণ করেছে।

অ্যাসেসমেন্ট ও সনদ প্রাপ্তির জন্য প্রার্থীকে নিম্নের ধাপসমূহ অনুসরণ করতে হবে:

১. কোনো নির্দিষ্ট পেশার নির্দিষ্ট স্তরে সনদ প্রাপ্তির জন্য প্রার্থীকে অবশ্যই আনুষ্ঠানিক, অনানুষ্ঠানিক, উপানুষ্ঠানিক অথবা অন্য যে-কোনো প্রকারেই হোক, বিবেচ্য পেশা ও স্তরের জ্ঞান ও দক্ষতা সম্পন্ন হতে হবে;
২. জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট [www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd) থেকে আপনার প্রত্যাশিত অকুপেশন ও লেভেলের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ডাউনলোড করা যাবে;
৩. আগ্রহী প্রার্থীর অর্জিত দক্ষতা কম্পিটেন্সি স্ট্যান্ডার্ডে বর্ণিত দক্ষতার অনুরূপ হলে জাতীয় পরিচয়পত্র, পরিচয়পত্র না থাকলে জন্মসনদ, সাম্প্রতিক ছবি, কর্মসম্পাদন অভিজ্ঞতার প্রমাণপত্র এবং ৫০ থেকে ১০০ শব্দের মধ্যে অর্জিত পূর্ব অভিজ্ঞতার বিবরণসহ অনলাইনে আবেদন করতে হবে;
৪. অনলাইনে আবেদন করার লিংক: <http://nsdafc.teletalk.com.bd>
৫. প্রাপ্ত আবেদন পেশা, স্তর ও অভিজ্ঞতা অনুযায়ী যাচাই-বাছাই করে নির্বাচিত প্রার্থীদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে;
৬. নির্বাচিত প্রার্থীদের চাহিদা বিবেচনায় অনুমোদিত কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুসারে পেশা ও স্তর-ভিত্তিক এনএসডিএ কর্তৃক নির্ধারিত দিন ও সময়ে বিনামূল্যে ওরিয়েন্টেশন প্রদান করা হবে;
৭. ওরিয়েন্টেশন শেষে প্রার্থীগণ এনএসডিএ-এর ওয়েবসাইট থেকে স্ব-মূল্যায়ন (Self-Assessment) নির্দেশিকা ডাউনলোড করে চূড়ান্ত মূল্যায়নের জন্য প্রস্তুত কি না সে ব্যাপারে নিশ্চিত হলে চূড়ান্ত মূল্যায়নে (Assessment) অংশগ্রহণের জন্য কম্পিটেন্সি অ্যাসেসমেন্ট চুক্তি সম্পাদন (Competency Assessment Agreement) ফর্ম পূরণ করে চুক্তি সম্পাদন করতে হবে;
৮. পূরণকৃত স্ব-মূল্যায়ন নির্দেশিকা এবং কম্পিটেন্সি অ্যাসেসমেন্ট চুক্তি সম্পাদন ফর্ম সংরক্ষণ করতে হবে এবং পরবর্তিতে অ্যাসেসমেন্টের দিনে অ্যাসেসসরকে স্কান কপি ইমেইল করতে হবে;
৯. এনএসডিএ কর্তৃক নির্ধারিত মূল্যায়ন (Assessment) ফি প্রদান করে অনলাইন নিবন্ধন সম্পাদন করতে হবে;
১০. রেজিস্ট্রেশন সম্পন্ন হলে অ্যাসেসমেন্টের দিন ও সময় ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে অথবা ইমেইলে জানানো হবে; এবং
১১. নির্ধারিত দিন ও সময়ে অ্যাসেসমেন্টে কম্পিটেন্ট হলে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক জাতীয় দক্ষতা সনদ প্রদান করা হবে।

দক্ষ হউন, দক্ষতার জাতীয় সনদগ্রহণ করুন, নিজেকে জাতীয় সম্পদ হিসেবে প্রতিষ্ঠা করুন এবং আত্মমর্যাদার সাথে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অংশগ্রহণ করুন। সনদায়ন সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য আইসিটি ফ্রিল্যান্সার অ্যাসেসমেন্ট ও সনদায়ন গাইডলাইন অনুসরণ করুন। অকুপেশনের তালিকা, আইসিটি ফ্রিল্যান্সার অ্যাসেসমেন্ট ও সনদায়ন গাইডলাইন এবং প্রয়োজনীয় সকল তথ্য [www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রয়োজনে পরিচালক (অ্যাসেসমেন্ট) ও পরিচালক (সনদায়নের)-এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

আইসিটি ফ্রিল্যান্সারদের অ্যাসেসমেন্ট ও দক্ষতা সনদ প্রদানের লক্ষ্যে অকুপেশন ও লেভেলের তালিকা:

Sl#	Occupation	Level
1	Web Design and Development for freelancer	3, 4, 5
2	Graphics Design and Development for freelancer	3, 4, 5
3	Digital Marketing	3, 4, 5, 6
4	Software security (Cyber security)	4, 5
5	Network and system security (Cyber security)	4, 5
6	Penetration Testing (Cyber security)	4, 5
7	Hacking Forensic Investigation (Cyber security)	5
8	Accounting for freelancing	4, 5
9	2D Animation for freelancing (2D Asset Creation)	2
10	2D Animation for freelancing (Classic 2D Animation)	3
11	2D Animation for freelancing (2D Animation)	4
12	3D Animation for Freelancing (3D Asset creation)	2
13	3D Animation for Freelancing (3D Product Visualization)	3
14	3D Animation for Freelancing (3D Character Modelling)	3
15	3D Animation for Freelancing (3D Character Animation)	4
16	Commercial Content writing (Social Media Content)	3
17	Commercial Content writing (SEO Content)	4
18	Commercial Content writing (Affiliate Content)	5
19	Creative and Business Content Writing (Administrative Content)	3
20	Creative and Business Content Writing (Creative Content)	4
21	Creative and Business Content Writing (Business Content)	5
22	Academic Content writing	4, 5
23	Journalistic Content Writing	4